গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

নম্বর : ২৯.৩১.০০০০.০০৭.৭৫.১৯৩.১৪-৩৪৬

তারিখ : ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

রাঙ্গামাটি সমবায় কেন্দ্রীয় বাস টার্মিনাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অধীন নিম্নরূপভাবে তফশীলে বর্ণিত রাঙ্গামাটি সমবায় কেন্দ্রীয় বাস টার্মিনাল স্পেস ও শৌচাগারটি নির্ধারিত শর্ত সাপেক্ষে আগামী ০১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) হইতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ (১৩ এপ্রিল ২০২৭ খ্রি.) পর্যন্ত একসনা ইজারা প্রদানের নিমিত্ত নিম্নের তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট সকলের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নরুপ দরপত্র সূচী অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) পবিত্র মাহে রমজান চলাকালীন বিকাল ৩.৩০ ঘটিকা এবং স্বাভাবিকভাবে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়ের প্রশাসন অধিশাখা (কক্ষ নং-৩২০) হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র সংগ্রহ করা যাবে। নিম্নেবর্ণিত ছকে উল্লিখিত নির্ধারিত তারিখে দুপুর ১২.৩০ ঘটিকার মধ্যে বোর্ডের প্রধান কার্যালয়ের ৩০৯ নম্বর কক্ষের সামনে সংরক্ষিত বক্সের মধ্যে দরপত্র দাখিল করা যাবে। একই দিন দুপুর ১.০০ ঘটিকায় ৩০৯ নম্বর কক্ষে দরপত্র উন্মুক্ত করা হবে।

দরপত্র সূচী

ক্রম	বাস টার্মিনাল স্পেস ও শৌচাগারের নাম	দরপত্রের ক্রয় মূল্য	সরকারি ইজারা মূল্য	দরপত্র দাখিলের পর্যায় ও তারিখ			মন্তব্য
				১ম	২য়	৩য়	
১	রাঙ্গামাটি সমবায় কেন্দ্রীয় বাস টার্মিনাল স্পেস	৭,৫০০/- (সাত হাজার) পাঁচশত টাকা মাত্র	৯,৩৫,০০০/- (নয় লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র	১৬/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা	২৪/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা	৩১/০৩/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা	ক্যালেন্ডার অনুযায়ী ১ম পর্যায়ে কাঙ্খিত দর পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দর অনুমোদিত না হলে ২য় পর্যায়ের সময়সূচি প্রযোজ্য হবে। এভাবে ৩য় পর্যায়ের সময়সূচি প্রযোজ্য হবে। তবে কোনো পর্যায়ে দরপত্র অনুমোদিত/ গৃহীত হলে পরবর্তীতে এই নিলাম দরপত্র সংক্রান্ত কার্যক্রম বন্ধ বলে গণ্য হবে।
২	রাঙ্গামাটি সমবায় কেন্দ্রীয় বাস টার্মিনাল শৌচাগার	২,২০০/- (দুই হাজার দুইশত) টাকা মাত্র	২,৭৬,১০০/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার একশত) টাকা মাত্র				

শর্তাবলী:

১। বাস টার্মিনাল স্পেস ও শৌচাগারের জন্য আলাদা আলাদা দরপত্র ক্রয় করতে হবে।
২। ইজারার অন্যান্য শর্তাবলী ইজারা দরপত্রে বিস্তারিত ভাবে উল্লেখ থাকবে।
৩। নির্ধারিত ছকে বর্ণিত সময়সূচীর মধ্যে দরপত্র সংগ্রহ ও দাখিল করতে হবে।
৪। যে কোনো দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৫/০৩/২৬

মোঃ ইলিয়াস মেহেদী
সদস্য-প্রশাসন
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
ও
সভাপতি
রাঙ্গামাটি সমবায় কেন্দ্রীয় বাস টার্মিনাল ব্যবস্থাপনা কমিটি
ফোন : ০২৩৩৩৩৭৩২২৭
ইমেইল: ma@chtdb.gov.bd